

## জন্মদিন (Birthday)

©©Deepak Sarkar, Written on 7/1999, Redwood Shores, California

জন্মদিন, শুভ জন্মদিন।

জন্মদিন আসে, জন্মদিন যায় -  
প্রতিটি ঘরে ঘরে, প্রতিটি মানুষের।

জন্মদিন এলো আবার ঘুরে -  
বয়স বাড়ে এমনি করে!  
ছোটরা বড় হয়, বড়রা প্রৌঢ়  
জীবনের গতি বজায় রেখে, আসে -  
জন্মদিন, শুভ জন্মদিন।

জন্মদিন আসুক নতুন সুরে -  
নুতনের বাণী আনুক ভোরে!  
বয়স বাড়ুক সুসন্মানে  
ভালোবাসা ও জ্ঞানে জীবন ভরে, দিয়ে -  
(আসুক) জন্মদিন, শুভ জন্মদিন।